



ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ  
প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)  
৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।  
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

তারিখঃ ১৩ কার্তিক ১৪৩০  
২৯ অক্টোবর ২০২৩

**প্রশাসনিক পরিপত্র নং- ৫৪/২০২৩**

আইসিবি স্থানীয় কার্যালয়ের অফিসটি একটি বৃহৎ রাজনৈতিক দলের প্রধান কার্যালয়ের সাথে অবস্থিত হওয়ায় প্রায়ই সেখানে সভা-সমাবেশ, ধর্মঘট-মিছিল, স্লোগান ইত্যাদি কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। ফলে আইসিবি স্থানীয় কার্যালয়ের গ্রাহকগণ নিরাপত্তাহীনতার আশংকায় উক্ত কার্যালয়ের সেবা গ্রহণে অনাগ্রহ প্রকাশ করেন। এছাড়া আইসিবির স্থানীয় কার্যালয়ের কর্মচারীগণ (বিশেষ করে নারী কর্মচারীগণ) যাতায়াতে সমস্যার সম্মুখীন হন। ফলে আইসিবি স্থানীয় কার্যালয়ের ব্যবসায়িক কার্যক্রম ব্যাহত হয়। বর্ণিত অবস্থায় ব্যবসায়িক কার্যক্রম নির্বিঘ্নে পরিচালনাসহ নিরাপদ গ্রাহক সেবা প্রদানের নিমিত্ত প্রধান কার্যালয়ের আশেপাশে মতিঝিল এলাকায় স্থানীয় কার্যালয় অফিস স্থানান্তর করার লক্ষ্যে নিম্নোক্তভাবে একটি সার্চ কমিটি গঠন করা হলো:

০১. মহাব্যবস্থাপক (ব্রাঞ্চ এন্ড সাবসিডিয়ারি)	সভাপতি
০২. উপ-মহাব্যবস্থাপক, ব্রাঞ্চ অ্যাফেয়ার্স ডিভিশন	সদস্য
০৩. উপ-মহাব্যবস্থাপক, স্থানীয় কার্যালয়	সদস্য
০৪. উপ-মহাব্যবস্থাপক, ইন্স্টাবলিশমেন্ট ডিভিশন	সদস্য
০৫. সহকারী মহাব্যবস্থাপক, ব্রাঞ্চ অ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট-২	সদস্য-সচিব
০৬. সহকারী মহাব্যবস্থাপক, রিয়েল এস্টেট ডিপার্টমেন্ট	সদস্য

**কার্যপরিধি:**

- আইসিবি প্রধান কার্যালয়ের আশেপাশে মতিঝিল বাণিজ্যিক এলাকায় স্থানীয় কার্যালয় স্থানান্তরের জন্য প্রয়োজনীয় ফ্লোর স্পেস অনুসন্ধান;
  - ভাড়াভ্য ফ্লোর স্পেসের নিরাপত্তা ব্যবস্থা পর্যবেক্ষণ;
  - ভাড়াভ্য ফ্লোর স্পেসের মালিক পক্ষের অফার লেটার সংগ্রহ (ফ্লোর স্পেসের পরিমাণ, প্রতি বর্গফুটের ভাড়া এবং চুক্তির মেয়াদ উল্লেখ থাকবে);
  - ভাড়াভ্য ফ্লোর স্পেসের বাণিজ্যিক অবস্থা পর্যবেক্ষণ এবং
  - আগামী ০৩ (তিন) মাসের মধ্যে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বরাবর প্রতিবেদন উপস্থাপন।
- সভাপতির অনুপস্থিতিতে কমিটির জ্যেষ্ঠতম সদস্য সভাপতির দায়িত্ব পালন করবেন।
  - সিনিয়র প্রিন্সিপাল অফিসার-২, স্থানীয় কার্যালয় এবং সিনিয়র অফিসার, ব্রাঞ্চ অ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট-২ উপর্যুক্ত সার্চ কমিটির দাপ্তরিক কার্য সম্পাদনে সার্বিক সহযোগিতা করবে।
  - কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হল।

  
(রাজী উদ্দিন আহমেদ)  
মহাব্যবস্থাপক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
- উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
- মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
- আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- অফিস কপি।

**অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।